# হরমুজ উত্তেজনার মধ্যেই টানা নবম রাতে ইরানে মার্কিন হামলা



ছবি: সংগৃহীত

হরমুজ প্রণালিকে কেন্দ্র করে চলমান উত্তেজনার মধ্যে টানা নবম রাতেও ইরানের বিভিন্ন এলাকায় সামরিক অভিযান চালিয়েছে যুক্তরাষ্ট্র। সোমবার (২০ জুলাই) রাতের এসব হামলায় দেশের উত্তর, দক্ষিণ ও দক্ষিণ-পশ্চিমাঞ্চলের একাধিক শহরে বিস্ফোরণের খবর পাওয়া গেছে।

ইরানের রাষ্ট্রীয় ও স্থানীয় গণমাধ্যমের তথ্য অনুযায়ী, তাবরিজ, চাবাহার, সিরিক, জাস্ক, মাহশাহর এবং ইমাম খোমেইনি বন্দর এলাকাসহ বিভিন্ন স্থানে বিস্ফোরণের শব্দ শোনা যায়। পাশাপাশি বুশেহর প্রদেশের কয়েকটি এলাকাতেও হামলার খবর প্রকাশিত হয়েছে। দক্ষিণ-পূর্বাঞ্চলের কোনারাক ও চাবাহারে সম্ভাব্য হামলা মোকাবিলায় আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা সক্রিয় করা হয়।

ওয়াশিংটনের দাবি, অভিযানের মূল উদ্দেশ্য ছিল ইরানের এমন সামরিক অবকাঠামোতে আঘাত হানা, যেগুলো হরমুজ প্রণালিতে বাণিজ্যিক জাহাজ চলাচলের জন্য হুমকি তৈরি করতে পারে। তবে হামলায় ক্ষয়ক্ষতির বিস্তারিত তথ্য তাৎক্ষণিকভাবে প্রকাশ করা হয়নি।

LENS ASIA

এদিকে সংঘাতের মধ্যে আরও এক মার্কিন সেনা নিহত হওয়ার খবর এসেছে। এর ফলে সাম্প্রতিক কয়েক দিনে নিহত মার্কিন সেনার সংখ্যা তিনে পৌঁছেছে। একই সঙ্গে পাকিস্তানের মধ্যস্থতায় এক মাস আগে হওয়া তেহরান-ওয়াশিংটনের যুদ্ধবিরতির কার্যকারিতাও এখন অনেকটাই প্রশ্নের মুখে পড়েছে।